



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এল কলেজ, খুলনা

দুরালাপনী : অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০



২০১৬ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

আবেদনকারীকে (নিজে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/degreepass এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড ও বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত ফি উল্লেখ থাকবে (কলেজের ফি বাদে)। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে। *** রেজিস্ট্রেশন কার্ড বিতরণঃ নিয়মিত : ২৭.১১.২০১৬ খ্রি. (ভর্তির বেতন বই/প্রাইভেটদের মূল টোকেন দেখিয়ে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করতে হবে।)

বিঃ দ্রঃ ডিগ্রি পাস নিয়মিত ছাত্র-ছাত্রী ইনকোর্স পরীক্ষা ব্যতিত পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে না।

ক্রঃ নং	জমাদানের তারিখ	পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষার্থীর প্রকার
১	২৯.১১.২০১৬ খ্রি.	নিয়মিত বিএ ও বিএসসি (পাস)	প্রাইভেট বিএ (পাস) ও সার্টিফিকেট কোর্স
২।	৩০.১১.২০১৬ খ্রি.	নিয়মিত বিএসএস (পাস)	প্রাইভেট বিএসএস (পাস)
৩।	০১.১২.২০১৬ খ্রি.	নিয়মিত বিবিএস (পাস)	প্রাইভেট বিবিএস (পাস)

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।

অনলাইন আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য :

নিয়মিত/প্রাইভেট (শিক্ষাবর্ষ ২০১৫-২০১৬) : বিএ, বিএসএস, বিবিএস ও বি এসসি পাস = ৫০০/- টাকা (কেন্দ্র ফিস ৪৫০+ব্যবস্থাপনা ৫০)

অনিয়মিত/প্রাইভেট (২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫) : বিএ, বিএসএস, বিবিএস পাস ও সার্টিফিকেট কোর্স = ৭০০/- টাকা (ইনকোর্স ২০০+কেন্দ্র ফিস ৪৫০+ব্যবস্থাপনা ৫০)। ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যে সকল ছাত্র-ছাত্রী ২০১৫ সালের ডিগ্রি ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণ করেনি। তাদেরকে কলেজের বেতন সেশন চার্জ বাবদ ১৩০৫/= টাকা অতিরিক্ত প্রদান করতে হবে। প্রাইভেট ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য নয়।

১। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) ডিগ্রি পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা নিয়মিত/প্রাইভেট (৭০০ নম্বর) :

- ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষার্থীদের ১ম বর্ষে “স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

খ) ডিগ্রি পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা অনিয়মিত/প্রাইভেট (৭০০ নম্বর) :

- ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৪ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৪ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (C Promoted) হয়েছে সেসকল শিক্ষার্থীগণ F Grade প্রাপ্ত বিষয়ে এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
- ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৪ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষার্থীদের ১ম বর্ষে “স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

গ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা ২০০ নম্বর :

- ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০০১৫-২০১৬ শিক্ষাবর্ষের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ঘ) অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার্থী :

- ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী এবং ২০১৪ ও ২০১৫ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০১৫ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের মধ্যে যারা Not Promoted হবে বা কোন পত্রে C Grade বা D Grade পাবে তাদের আবেদন ফরম পূরণের জন্য ২০১৫ সালের ১ম বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের পর পৃথকভাবে বিজ্ঞপ্তি দেয়া হবে। উল্লেখ্য যে, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ অকৃতকার্য ও মানোন্নয়ন এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের সকল পরীক্ষার্থীর পরীক্ষা একই সাথে অনুষ্ঠিত হবে।

২। অনলাইনে আবেদন ফরম পূরণের পর করণীয় :

- আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি করে জমা দিতে হবে।
- প্রত্যেক পরীক্ষার্থীকে সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি অনলাইনে প্রাপ্ত আবেদন ফরমের নির্ধারিত স্থানে লাগাতে হবে এবং ১ কপি ছবি প্রবেশপত্র গ্রহণের সময় সংগে আনতে হবে।
- কোন ছাত্র-ছাত্রী লাইব্রেরি থেকে বই গ্রহণ করে থাকলে তা ফেরত দিতে হবে। লাইব্রেরির বই ফেরত ব্যতিত কোন শিক্ষার্থী আবেদন ফরম পূরণ করতে পারবে না।
- ডিগ্রি পাস ১ম বর্ষ (বিশেষ) পরীক্ষার কোন ছাত্র-ছাত্রীর নিকট লাইব্রেরির কোন বই পাওনা থাকলে তা ফেরৎ দিতে হবে।

আবেদন ফরম জমাদানের সময়: সকাল ৯টা হতে দুপুর ১টা পর্যন্ত ।
এই বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েব সাইট www.blcollege.edu.bd এ পাওয়া যাবে।

(প্রফেসর গুলশান আরা বেগম)
অধ্যক্ষ
সরকারি বি.এল.কলেজ, খুলনা